দৈনিক ইনকিলাব

তারিখ JUN 29 1999 পৃষ্ঠা ৮ কলাম ৭

140

### ইসলামী শিক্ষাকে স্তব্ধ করে দেয়ার ষড়যন্ত্র

# ২৮টি মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহার

# আলিম স্তরের এমপিও বাতিল

**সাতক্ষীরা থেকে জেলা সংবাদদাতা ঃ** সাতক্ষীরা জেলার ৩টি থানার ২৮টি মাদ্রাসার সরকারী স্বীকৃতি প্রত্যাহার এবং আলিম মাদ্রাসার আলিম স্তরের এমপিও (মানথলি পেমেন্ট অর্ডার) বাতিল করা হয়েছে। ফলে যুগ যুগ ধরে চালু এবং প্রতিষ্ঠিত মাদ্রাসাগুলোর শিক্ষক-কর্মচারী এবং এদের পরিবারের সদস্যদের মাঝে নেমে এসেছে হতাশা। একই সাথে লাখ লাখ ধর্মপ্রাণ মানুষের মনে সৃষ্টি হয়েছে তীব্র ক্ষোভ। প্রকাশ, বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের সহকারী সচিব মোঃ বদিউজ্জামান স্বাক্ষরিত ৭-৬-৯৯ তারিখের শিম/শা-১৬/বিবিধ ৬২/৯৮/৫১৩ (ট) নং স্মারকে দেবহাটা থানার নওয়াপাড়া সিদ্দিকিয়া আলিম মাদ্রাসার আলিম স্তরের এমপিও বাতিল করা হয়। একইভাবে হাদীপুর দাখিল মাদ্রাসা, পারুলিয়া দাখিল মাদ্রাসা, কালিগঞ্জ থানার চৌমুহনী ফাজিল মাদ্রাসা, জাফরপুর দাখিল মাদ্রাসা, তারালী আলিম মাদ্রাসা, নলতা খান বাহাদুর আহসান উল্লাহ মাদ্রাসা, ইন্দ্রনগর আলিম মাদ্রাসা, কাজলা দাখিল মাদ্রাসা, কুশুলিয়া দাখিল মাদ্রাসা, সন্যাসীর চক দাখিল মাদ্রাসা, চাঁদখালী দাখিল মাদ্রাসা, চৌমুহনী সিনিয়র মাদ্রাসা, বন্দকাটি ফাজিল মাদ্রাসা, কাটুনিয়া দাখিল মাদ্রাসা এবং শ্যামনগর থানার জয়নগর ফাজিল মাদ্রাসা, দরগাহপুর ফাজিল মাদ্রাসা, পাতাখালী ফাজিল মাদ্রাসা, গুমনতলী ফাজিল মাদ্রাসা, নওয়াবেকী আলিম মাদ্রাসা, চাঁদনীমুখী আলিম মাদ্রাসা, শ্যামনগর আলিম মাদ্রাসা, গড় পদ্মপুকুর দাখিল মাদ্রাসা, লক্ষ্মীখালী দখিল মাদ্রাসা, বিএসডি দাখিল মাদ্রাসা, বংশীপুর দাখিল মাদ্রাসা এবং আবাদচন্ডিপুর দাখিল মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহার করা হয়েছে। এর মধ্যে আলিম মাদ্রাসাগুলোর আলিম স্তরের এমপিও বাতিল করা হয়।

শিক্ষা মন্ত্রণালয়ের এই নির্দেশ স্ব স্ব মাদ্রাসায় পৌঁছলে শিক্ষক-কর্মচারী, ছাত্র-ছাত্রী এবং অভিভাবক মহলে ক্ষোভ ও হতাশা নেমে আসে। যেসব শর্ত উল্লেখ করে এই নির্দেশ দেয়া হয়েছে সেসব শর্ত বাংলাদেশের কোন শিক্ষা প্রতিষ্ঠান মেনে চলতে পারে বলে মনে হয় না। দেশের শতকরা ৫টি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা মন্ত্রণালয়ের আরোপ করা শর্ত মেনে চলা সম্ভব হলেও শতকরা ৯৫টি শিক্ষা প্রতিষ্ঠান মেনে চলে বলে মনে হয় না। একাধিক মাদ্রাসার প্রধান জানান, কোন পূর্ব সতর্কীকরণ ছাড়াই সাতক্ষীরা জেলার ২৮টি মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহার ইসলামী শিক্ষাকে চিরতরে স্তব্ধ করে দেয়ার ষড়যন্ত্র ছাড়া আর কিছুই নয়। শ্যামনগর থানা জামায়াতে ইসলামীর আমীর সাবেক এমপি গাজী নজরুল ইসলাম এক বিবৃতিতে মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহার ও এমপিও বাতিল করার তীব্র নিন্দা করে বলেন, ইসলামবিরোধী আওয়ামী লীগ সরকারের মাদ্রাসা বন্ধের এই গভীর ষড়যন্ত্র দেশের ১২ কোটি মানুষ মেনে নিতে পারে না। তিনি মাদ্রাসা বন্ধের বিরুদ্ধে তীব্র গণআন্দোলন গড়ে তোলার জন্য সকলের প্রতি আহবান জানান।